

🗏 আল-কলম | Al-Qalam | ٱلْقَلَم

আয়াতঃ ৬৮:৩৩

💵 আরবি মূল আয়াত:

كَذٰلِكَ العَذَابُ ١٤ وَ لَعَذَابُ الأَخِرَةِ أَكْبَرُ لَو كَانُوا يَعلَمُونَ ﴿٣٣﴾

🗚 আনুবাদসমূহ:

এভাবেই হয় আযাব। আর পরকালের আযাব অবশ্যই আরো বড়, যদি তারা জানত। — আল-বায়ান 'আযাব এ রকমই হয়ে থাকে। আর আখিরাতের 'আযাব তো সবচেয়ে কঠিন। যদি তারা জানত! — তাইসিরুল শাস্তি এরূপই হয়ে থাকে এবং আখিরাতের শাস্তি কঠিনতর, যদি তারা জানত! — মুজিবুর রহমান

Such is the punishment [of this world]. And the punishment of the Hereafter is greater, if they only knew. — Sahih International

- ৩৩. শাস্তি এরূপই হয়ে থাকে এবং আখিরাতের শাস্তি কঠিনতর। যদি তারা জানত!(১)
 - (১) মক্কাবাসিদের ওপর দুর্ভিক্ষরূপী আযাবের সংক্ষিপ্ত এবং উদ্যান মালিকদের ক্ষেত জুলে যাওয়ার বিস্তারিত বর্ণনার পর সাধারণ বিধি বর্ণনা করা হয়েছে যে, যখন আল্লাহর আযাব আসে, তখন এভাবেই আসে। দুনিয়ার এই আযাব আসার পরও তাদের আখেরাতের আযাব দূর হয়ে যায় না; বরং আখেরাতের আযাব ভিন্ন এবং তদপেক্ষা কঠোর হয়ে থাকে। [দেখুন: কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

- (৩৩) শাস্তি এরূপই হয়ে থাকে।[1] আর পরকালের শাস্তি কঠিনতর; যদি তারা জানত। [2]
 - [1] অর্থাৎ, আল্লাহর আদেশের যারা বিরোধিতা করে এবং আল্লাহ প্রদন্ত মাল ব্যয় করার ব্যাপারে কৃপণতা করে, তাদেরকে আমি এইভাবেই শাস্তি দিয়ে থাকি। (যদি আমার ইচ্ছা হয় তাহলে।)
 - [2] কিন্তু বড় অনুতাপের বিষয় যে, তারা এই বাস্তবিকতাকে বুঝে না, যার কারণে কোন পরোয়াও করে না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5304

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন